

রেইনকোট
—আখতারঞ্জামান ইলিয়াস

উদ্দেশ্য/শিখনফল
গল্পটি পড়ার পর শিক্ষার্থীরা—

- ক. মুক্তিযুদ্ধকালীন আতঙ্কগ্রস্ত ঢাকা শহরবাসীর জীবনচিত্র অঙ্কন করতে পারবে।
- খ. দেশপ্রেমের আদর্শ তথা মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হবে।
- গ. গল্পকারের অন্যান্য গল্প ও সাহিত্যকর্ম সম্পর্কে আগ্রহী হবে।
- ঘ. গল্পকার সম্পর্কে মূল্যায়ন করতে পারবে।

পাঠ - ০১

লেখক-পরিচিতি

- ০১. জন্ম : ১২ ফেব্রুয়ারি, ১৯৪৩।
- ০২. জন্মস্থান : গোটিয়া গ্রাম, গাইবান্ধা। বৃহত্তর রংপুর।
- ০৩. বাংলাদেশের একজন শ্রেষ্ঠ কথাসাহিত্যিক।
- ০৪. তাঁর ২টি উপন্যাস ‘চিলেকোঠার সেপাই’ ও ‘খোয়াবনামা’।
- ০৫. মৃত্যু : ০৪ জানুয়ারি, ১৯৯৭।

পাঠ-পরিচিতি

- উৎস** : গল্পটি ১৯৯৫ সালে প্রথম প্রকাশিত হয়। পরে এটি লেখকের ‘জাল স্বপ্ন স্বপ্নের জাল’ (১৯৯৭) গল্পগ্রন্থে সংকলিত হয়। এ গল্পের পাঠ গ্রহণ করা হয়েছে আখতারঞ্জামান ইলিয়াস রচনাসমগ্র ১ থেকে।

শ্রেণি (Type) : এটি মুক্তিযুদ্ধভিত্তিক গল্প।

বিষয় (Content): মুক্তিযুদ্ধকালীন ঢাকার পরিস্থিতি নিয়ে গল্পটি রচিত। মুক্তিযুদ্ধের তখন শেষ পর্যায়। ঢাকায় তখন মুক্তিযোদ্ধাদের গেরিলা আক্রমণ শুরু হয়েছে। তারই একটি ঘটনা এ গল্পের বিষয়।

মূলপাঠ: সংকেত

- ক. মগবাজারের ফ্ল্যাটবাড়ির ঘটনা, খ. মগবাজার থেকে ঢাকা কলেজ তথা যাত্রাপথের বর্ণনা, গ. ঢাকা কলেজের ঘটনা।

প্রধান ও অপ্রধান চরিত্রসমূহ:

- নুরুল হুদা ও তার পরিবার { আসমা (স্ত্রী), মিন্টু (শালা) }, এক শিশুপুত্র ও এক শিশুকন্যা।
- মিলিটারি, রাজাকার, দোকানি ছেলেটা, ঢাকা কলেজের সহকর্মীবৃন্দ- ড. আফাজ আহমেদ (অধ্যক্ষ), ইসহাক মিয়া (পিওন), আকবর সাজিদ। (উর্দুর প্রফেসর), আব্দুর সাত্তার মৃধা (ভূগোলের প্রফেসর), খন্দকার (ইংরেজির প্রফেসর), নুরুল হুদা (রসায়নের লেকচারার), কুলিনুপী কয়েকজন ছাত্র এবং কর্নেল।

শব্দার্থ ও টীকা

শব্দার্থ:

মিসক্রিয়ান্ট— দুষ্কৃতি। এখানে মুক্তিযোদ্ধাদের বোঝানো হয়েছে। Miscreant

ক্রাক-ডাউনের রাত— ২৫ মার্চ ১৯৭১ দিবাগত রাত

জেনারেল মনসুন— বর্ষাকাল— যেটা ছিল পাকসৈন্যদের জন্য বিপজ্জনক।

টীকা:

ক. ‘এগুলো হলো পাকিস্তানের শরীরের কঁটা।’

খ. ‘আবুকে ছোট ঘাঘার মতো দেখাচ্ছে। আবু তাহলে মুক্তি বাহিনী। তাই না?’

গ. ‘রাশিয়ায় ছিল জেনারেল উইন্টার, আমাদের জেনারেল মনসুন।’

পাঠোভ্র মূল্যায়ন

বহ্নির্বাচনি প্রশ্ন ও সৃজনশীল প্রশ্ন

বিভিন্ন বোর্ড (২০১৬ - ২০১৯)